গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

জেলা পরিষদের লগো পরিবর্তন এবং জেলা পরিষদের চেয়ারম্যানবৃন্দের বাসভবন নির্মাণের বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:

সভাপতি	ঃ	খন্দকার মোশাররফ হোসেন, এমপি মন্ত্রী স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
সভার তারিখ ও সময়	ঃ	১৬ জুলাই ২০১৭, বেলা ৩.০০ ঘটিকা।
স্থান	ঃ	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সম্মেলন কক্ষ।
সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা	ঃ	পরিশিষ্ট-"ক"

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান। সভার আলোচ্যসূচি অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

স্থানীয় সরকার বিভাগের মহাপরিচালক, মইই উইং জানান যে, গত ৮ মার্চ ২০১৭ তারিখে জেলা পরিষদের নব নির্বাচিত চেয়ারম্যানবৃন্দের সাথে এক মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় চেয়ারম্যানবৃন্দ জেলা পরিষদের বর্তমান লোগোটি পরিবর্তনের জন্য সুপারিশ করেন। জেলা পরিষদের লোগো পরিবর্তন করে যথোপযুক্ত করার জন্য গত ২৪/৫/২০১৭ তারিখে সচিব মহোদয়ের সভাপতিত্বে সভা অনুষ্ঠিত হয়। সভায় চট্টগ্রাম ও লক্ষীপুর জেলা পরিষদের চেয়ারম্যানদ্বয়, ঢাকা ও মানিকগঞ্জ জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তাদ্বয় এবং স্থানীয় সরকার বিভাগের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। সভায় জেলা পরিষদের বর্তমান লগো এবং উপস্থাপিত খসড়া লোগোসমূহ যাচাই-বাছাই ও পর্যালোচনা করা হয়। চেয়ারম্যান, চট্টগ্রাম জেলা পরিষদ খসড়া লোগোটি সভায় উপস্থাপন করেন। সভায় উপস্থিত সদস্যগণ খসড়া লোগোটির উপর তাদের সুচিন্তিত মতামত প্রকাশ করেন।

২। সভায় আরো জানানো হয় যে, গত ২৮ ডিসেম্বর ২০১৬ তারিখে প্রথমবারের মতো জেলা পরিষদের নির্বাচন অনুষ্ঠিত হয়। দীর্ঘকাল যাবৎ জেলা পরিষদে নির্বাচিত চেয়ারম্যান না থাকায় চেয়ারম্যানের বাসভবন নির্মাণের জন্য কোন কার্যক্রম গ্রহণ করা হয়নি। জেলা পরিষদে নির্বাচিত চেয়ারম্যান দায়িত্বভার গ্রহণ করায় স্থানীয় সরকার বিভাগ হতে চেয়ারম্যানবৃন্দের জন্য বাসভবন নির্মাণের উদ্যোগ গ্রহণ করা হয়। চেয়ারম্যানবৃন্দের বাসভবন নির্মাণের লক্ষ্যে একটি টাইপ ডিজাইন ও প্রাক্কলন প্রস্তুত করে দেয়ার জন্য প্রধান প্রকৌশলী, এলজিইডিকে অনুরোধ জানানো হয়। এলজিইডি'র ডিজাইন ইউনিট হতে ইতোমধ্যেই একটি টাইপ ডিজাইন প্রণয়ন করা হয়েছে। টাইপ ডিজাইনটি সভায় উপস্থাপন করা হয়। ডিজাইন অনুযায়ী বাসভবন নির্মাণের জন্য ১ বিঘা (২০ কাঠা) জমির প্রয়োজন হবে। এর মধ্যে ভবনের জন্য ৭ কাঠা, অভ্যন্তরীণ রাস্তার জন্য ২.৫ কাঠা, নিরাপত্তা কক্ষের জন্য ০.১০ কাঠা, বনায়নের জন্য ৪.৫০ কাঠা, গ্রীন এরিয়ার জন্য ৫.৫০ কাঠা এবং সেপটিক ট্যাংক/টিউবওয়েল ইত্যাদির জন্য ০.৪০ কাঠা জমির প্রয়োজন হবে।

৩। জেলা পর্যায়ের কোর অফিসারদের বাসভবনের সাথে সামঞ্জস্য রেখে জেলা পরিষদ চেয়ারম্যানবৃন্দের বাসভবন নির্মাণ করা সমীচীন মর্মে সভাপতি অভিমত ব্যক্ত করেন। প্রধান প্রকৌশলী, এলজিইডি জেলা পরিষদের চাহিদার প্রেক্ষিতে পর্যায়ক্রমে চেয়ারম্যানবৃন্দের বাসভবন নির্মাণ প্রকল্প বাস্তবায়নের জন্য অভিমত প্রকাশ করেন। বিষয়টি নিয়ে সভায় আলোচনা হয় এবং বাসভবন নির্মাণের সিদ্ধান্ত গ্রহণের লক্ষ্যে জেলা পরিষদ চেয়ারম্যানবৃন্দের মতামত গ্রহণ করা সমীচীন মর্মে উল্লেখ করা হয়।

৪। জেলা পরিষদের খসড়া লগো এবং চেয়ারম্যানবৃন্দের বাসভবন নির্মাণের জন্য প্রস্তুতকৃত টাইপ ডিজাইন পর্যালোচনান্তে নিম্নরূপ সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়:

সিদ্ধান্ত-১: সভায় উপস্থাপিত লোগোর তিনটি নমুনার মধ্যে নমুনা-২ সংশোধিত আকারে চুড়ান্ত করা হবে। এক্ষেত্রে লোগোটির অন্ত:বৃত্তের ৩য় চতুর্ভাগে ডাকবাংলোর পরিবর্তে নৌকা ও নদী সম্বলিত গ্রামের দৃশ্য সংযোজিত হবে এবং ৪র্থ চতুর্ভাগের গ্রামীন সড়কটির প্রশস্থতা আরো কমাতে হবে। চেয়ারম্যান, জেলা পরিষদ, চট্টগ্রাম লোগোটি সংশোধন করে স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করবেন।

সিদ্ধান্ত-২: জেলা পরিষদের চেয়ারম্যানবৃন্দের জন্য নীচ তলা ও দ্বিতীয় তলাসহ মোট ৪৮০০ বর্গফুট বাসভবন নির্মাণের আবশ্যকতা আছে কিনা; থাকলে প্রয়োজনীয় ১ বিঘা (২০ কাঠা) জায়গার সংস্থান রয়েছে কিনা জানতে চেয়ে ৬১ জেলা পরিষদের চেয়ারম্যান বরাবরে পত্র দেয়া হবে। চেয়ারম্যানবৃন্দের নিকট হতে জবাব প্রাপ্তির পর বাসভবন নির্মাণের কার্যক্রম গ্রহণ করা সমীচীন হবে।

সিদ্ধান্ত-৩: জেলা পর্যায়ের কোর অফিসারদের বাসভবনের সাথে সামঞ্জস্য রেখে জেলা পরিষদ চেয়ারম্যানবৃন্দের বাসভবনের ডিজাইন চুড়ান্ত করা হবে।

৫। পরিশেষে সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বা/-
তারিখ: ২৬/৭/২০১৭
(খন্দকার মোশাররফ হোসেন, এমপি)
মন্ত্রী

নং-৪৬.৪২.৭৮০০.০০০.৯৯.০৬৯.১৭.১৫৮১

তারিখ ঃ ১২ শ্রাবণ ১৪২৪ বঙ্গাব্দ / ২৭ জুলাই ২০১৭ খৃস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

১। প্রধান প্রকৌশলী, এলজিইডি, শেরে বাংলা নগর, আগাওগাঁও, ঢাকা।
২। অতিরিক্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। মহাপরিচালক, মইই উইং, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। অতিরিক্ত সচিব (প্রশাসন/নগর উন্নয়ন/উন্নয়ন/পাস), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। যুগ্মসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। জনাব খন্দকার আলী নূর, তত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি, শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা।
৮। চেয়ারম্যান, জেলা পরিষদ, গাজীপুর/চট্টগ্রাম/লক্ষীপুর।
৯। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ঢাকা/মানিকগঞ্জ/চট্টগ্রাম।
১০। সচিব, জেলা পরিষদ, চট্টগ্রাম।
১১। জনাব আব্দুর রাজ্জাক, নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা।
১২। জনাব শিমুল চাকমা, আর্কিটেক, এলজিইডি, শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা।
১৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)

২৭/৭/১৭

(জুবাইদা নাসরীন)
উপসচিব
ফোনঃ ৯৫৭৫৫৬৮
Email-lgzp@lgd.gov.bd

জেলা পরিষদের লগো পরিবর্তন বিষয়ক সভায় উপস্থিত সদস্যগণের হাজিরা বিবরণী

তারিখঃ ১৬/৭/২০১৭
সময়ঃ বেলা ৩.০০ টা
স্থানঃ পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সম্মেলন কক্ষ

নং	উপস্থিত কর্মকর্তাদের নাম ও পদবী	ফোন নম্বর	স্বাক্ষর
১.	[illegible]	01717 080785	[signature]
২.	মোহাম্মদ আবদুস সামাদ	01711720722	[signature]
৩.	এ.বি.এম. আরশাদ হোসেন, অতিরিক্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।	৯৫৭৬৮০৬	[signature] ১৬/৭/১৭
৪.	আমিনুল ইসলাম যুগ্মসচিব	০১৭১১৫৫৪৮৬০২	[signature] ১৬/৭/২০১৭
৫.	অমিতাভ সরকার যুগ্মসচিব, স্থানীয় সরকার বিভাগ	01712999924	[signature] ১৬/৭/১৭
৬.	দীপক রঞ্জন অধিকারী, প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ চট্টগ্রাম।	01718686166	[signature] ১৬/০৭/১৭
৭.	মোঃ [illegible] আলী যুগ্মসচিব	01718419431	[signature] ১৬/৭/১৭
৮.	মোঃ আবদুর রউফ যুগ্মসচিব	০১৭১১৫৭৫৭১১	[signature] ১৬.০৭.১৭
৯.	সোহরাব হোসেন যুগ্মসচিব (পরিকল্পনা-2)	০১৫৫২৬৬৮১০৪	[signature] ১৬.০৭.১৭
১০.	মোহাম্মদ এরশাদ উল্লাহ মিয়া যুগ্ম-সচিব	০১৭১১১২৭৩০৬	[signature] ১৬.৭.২০১৭

নং	উপস্থিত কর্মকর্তাদের নাম ও পদবী	ফোন নম্বর	স্বাক্ষর
১১.	শাব্বির ইকবাল সচিব, জেলা পরিষদ, চট্টগ্রাম	01710870156	[signature]
১২.	মোঃ রইছ উদ্দিন অতিঃ সচিব (বিঃ)	০১৭১২ ৭৭৮১৮১	[signature] 16.7.17
১৩.	আসমা তাসনীম যুগ্মসচিব	01715158451	[signature] ১৬/৭/১৭
১৪.	ইফফাত আরা মাহফুজ যুগ্ম সচিব	01819227173	[signature] ১৬/৭/২০১৭
১৫.	মো: আ: বারেক নির্বাহী প্রকৌশলী (LGED)	01678-121506	[signature] 16/07/2017
১৬.	মোহাম্মদ জাকির হোসেন তথ্য ও জনসংযোগ কর্মকর্তা (চ.ও.ক)	01912721236	[signature] ১৬/৭/১৭
১৭.			
১৮.			
১৯.			
২০.			
২১.			
২২.			